# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২৫

গণগ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫


প্রকাশকাল

০১ অক্টোবর, ২০২৫

**প্রকাশনায়**

গণগ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সার্বিক তত্ত্বাবধান**

**মনীষ চাকমা**
মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর

**সম্পাদক**

**মোছাঃ মরিয়ম বেগম**
পরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর

**সম্পাদনা পরিষদ**

**এ এইচ এম কামরুজ্জামান,** প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক
**খন্দকার আসিফ মাহতাব,** সিনিয়র লাইব্রেরিয়ান
**খালিদ মোহাম্মদ সাইফুল্লাহ,** সিনিয়র লাইব্রেরিয়ান
**মোঃ আল-মামুন হাওলাদার,** সহকারী পরিচালক
**মাহমুদা আক্তার,** সহকারী লাইব্রেরিয়ান
**মায়িশা ফাহমিদা,** জুনিয়র লাইব্রেরিয়ান

**গ্রাফিক্স ও মুদ্রণ**

সজীব ওয়ার্সী
নুসরাত প্রিন্টিং প্রেস
ফকিরাপুল, ঢাকা।



**মোঃ মফিদুর রহমান**
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## বাণী

'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ৬ ধারার নির্দেশনার আলোকে স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হলো। অধিদপ্তরের বিভিন্ন কার্যাবলি, সম্পাদিত কার্যক্রম, উন্নয়ন প্রকল্পসমূহের বিবরণ, অর্থবছরের কর্মপরিকল্পনা, বাজেট বরাদ্দ, কর্মরত কর্মচারীদের তথ্য এবং আওতাধীন দপ্তরসমূহের যাবতীয় তথ্যসহ প্রতিবেদনটি প্রকাশ করায় আমি আনন্দিত।

গণগ্রন্থাগার সকলের জন্য উন্মুক্ত একটি সেবাধর্মী প্রতিষ্ঠান বা তথ্যকেন্দ্র। পাঠকসেবা, তথ্যসেবা ও গবেষণা কার্যক্রমসহ প্রাসঙ্গিক অন্যান্য সেবাপ্রাপ্তির সুবিস্তৃত সুযোগ থাকায়, গণগ্রন্থাগারকে জনগণের বিশ্ববিদ্যালয় বলা হয়। তথ্য-প্রযুক্তির উৎকর্ষতার বৈশ্বিক প্রেক্ষাপটে গণগ্রন্থাগারগুলিতে ডিজিটাইজেশনের জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ঘরে বসে অনলাইনে সহজে তথ্য আহরণের সুযোগ সৃষ্টি হয়েছে।

গণগ্রন্থাগার অধিদপ্তর সুশিক্ষার প্রসার, জ্ঞানচর্চা ও গবেষণায় অনন্য ভূমিকা পালন করে থাকে। এটি ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ এবং জুলাই গণঅভ্যুত্থানসহ বাংলাদেশের সকল গণতান্ত্রিক আন্দোলন সংগ্রামের সঠিক ইতিহাস সংরক্ষণ ও সরবরাহ করে। এটি একটি বৈষম্যমুক্ত 'নতুন বাংলাদেশ' বিনির্মাণের লক্ষ্যে সুশিক্ষিত, মানবিক মূল্যবোধ ও মুক্তবুদ্ধিসম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং নতুন প্রজন্মকে ভবিষ্যৎ নেতৃত্বের উপযোগী করে গড়ে তুলতে সক্রিয় অবদান রাখছে।

বার্ষিক প্রতিবেদন প্রকাশের মতো শ্রমসাধ্য কাজ যাঁদের সম্মিলিত প্রচেষ্টায় সফল হয়েছে তাঁদেরকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

(মোঃ মফিদুর রহমান)




**মনীষ চাকমা**
মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর


## প্রাক কথন

গণগ্রন্থাগার অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সেবাধর্মী প্রতিষ্ঠান, যা দেশের গ্রন্থাগার ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণে কাজ করে যাচ্ছে। মানব সভ্যতার সুদীর্ঘ ইতিহাসের শ্রেষ্ঠ অবদান হচ্ছে বই। জ্ঞানসমৃদ্ধ আলোকিত জাতি গঠনে বই-এর ভূমিকা অতুলনীয় আর বই-এর সংরক্ষণাগার হিসেবে গ্রন্থাগার হচ্ছে একটি জাতির জন্য আলোকবর্তিকাস্বরূপ।

গ্রন্থাগারকে সমাজের সকল শ্রেণির মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে গণগ্রন্থাগার অধিদপ্তর নানা কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। শিক্ষার্থী ও সাধারণ মানুষের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধির জন্য গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে প্রণোদনামূলক রিডিং সোসাইটি গঠন এবং কার্যকর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া দেশের বিভিন্ন স্থানে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী পাঠাগারসমূহের তালিকা প্রণয়ন, দুষ্প্রাপ্য বই সংগ্রহ ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সকল সরকারি গণগ্রন্থাগারে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন গ্রন্থাগার সেবা কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। দেশের সকল সরকারি গণগ্রন্থাগারে দ্রুতগতির ইন্টারনেট সংযোগ, পর্যাপ্ত কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ বিভিন্ন ধরনের আইসিটি উপকরণ সরবরাহ করা হচ্ছে।

গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে বহুবিধ সুবিধাদি সংবলিত আধুনিক বহুতল ভবন নির্মাণের মাধ্যমে অবকাঠামোগতভাবে গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রধান কার্যালয় ও কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিকে আন্তর্জাতিক মানে উন্নীত করা হচ্ছে। দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্পের মাধ্যমে পাঠকের দোরগোড়ায় গ্রন্থাগার সেবা পৌঁছে দেয়া হচ্ছে। চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্পের আওতায় বহুমুখী সাংস্কৃতিক চর্চার উদ্দেশ্যে নিয়ে চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের অবকাঠামো বিনির্মাণ সমাপ্তির পথে, বীর মুক্তিযোদ্ধা শহীদ নায়েব সুবেদার মোঃ আশরাফ আলী খান, বীরবিক্রম গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র নির্মাণ প্রকল্পের মাধ্যমে একটি আধুনিক গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র স্থাপন করা হচ্ছে।

বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে গণগ্রন্থাগারের সর্বজনীন সেবা ও কার্যক্রম সম্পর্কে অবহিত করা হচ্ছে। গ্রন্থাগার পেশাজীবীদের তথ্য প্রযুক্তিগত দক্ষতা ও সক্ষমতা অর্জনের লক্ষ্যে প্রতিনিয়ত প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ও সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজিত হচ্ছে।

গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থবছরের সামগ্রিক কর্মকাণ্ডের প্রতিফলনে প্রকাশিত হলো বার্ষিক প্রতিবেদন। এ প্রতিবেদনটি গণগ্রন্থাগার অধিদপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা তুলে ধরার পাশাপাশি বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিশেষ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

(মনীষ চাকমা)





## সম্পাদকীয়

বার্ষিক প্রতিবেদন একটি গুরুত্বপূর্ণ দলিল, যা অধিদপ্তরের কার্যক্রম, অর্জন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করে থাকে। ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলি, বাজেট বাস্তবায়ন, বিভিন্ন প্রকল্পের অগ্রগতি, জনবল ব্যবস্থাপনা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয় নিয়ে গণগ্রন্থাগার অধিদপ্তরের এই বছরের প্রতিবেদনটি প্রকাশিত হয়েছে।

মানব সভ্যতার চলমান পর্বে ইতোমধ্যেই তথ্য-প্রযুক্তির অভূতপূর্ব অগ্রগতি সাধিত হয়েছে। জ্ঞান এবং মননশীলতার পরিশীলিত চর্চায় এসেছে অভূতপূর্ব পরিবর্তন। এ দেশের গ্রন্থাগারগুলোতে লেগেছে সেই পরিবর্তনের ছোঁয়া। পাঠকসমাজকে সময়ানুগ যোগাযোগ-প্রযুক্তি-নির্ভর সেবা দিতে বিরামহীনভাবে প্রয়াস চালিয়ে যাচ্ছে গণগ্রন্থাগার অধিদপ্তর।

গণগ্রন্থাগার সেবা সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পাশাপাশি অধিদপ্তরের অধীন সকল সরকারি গণগ্রন্থাগারসমূহে বিভিন্ন জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবস উদ্‌যাপন করা হয়। উক্ত দিবসসমূহে নানামুখী কর্মসূচি যেমন: রচনা, বইপাঠ, চিত্রাঙ্কন, আবৃত্তি, আল্পনা আঁকা, মাটির তৈরি খেলনা, ঘুড়ি তৈরি ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা হয়। রচনা ও বইপাঠ প্রতিযোগিতায় শিশু থেকে সকল বয়সের প্রতিযোগীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে।

পাঠাভ্যাস বৃদ্ধিকে উৎসাহিত করতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত বরেণ্য কবি/সাহিত্যিকদের প্রতি শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে তাঁদের জীবন ও কর্মের উপর স্মরণসভা/আলোচনা সভার আয়োজন করা হয়।

গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে গণগ্রন্থাগারের সেবা, অগ্রগতিসহ সার্বিক কর্মকাণ্ডের প্রতিফলন ঘটবে, যা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকাণ্ডকে আরো জনমুখী ও বেগবান করবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদনে প্রকাশিত তথ্য-উপাত্তসমূহে অনিচ্ছাকৃত ভুল-ত্রুটির জন্য আমি অগ্রিম দুঃখ প্রকাশ করছি।

পরিশেষে, ২০২৪-২০২৫ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশনায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**মোছাঃ মরিয়ম বেগম**
পরিচালক (প্রশাসন ও হিসাব)
গণগ্রন্থাগার অধিদপ্তর

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ০১ | একনজরে গণগ্রন্থাগার অধিদপ্তর | ০৯ |
| ০২ | গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি | ১২ |
| ০৩ | গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যক্রম | ২১ |
| ০৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ২৩ |
| ০৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২৪ |
| ০৬ | উদ্ভাবনী কার্যক্রম | ২৫ |
| ০৭ | ডি-নথি প্রতিবেদন | ২৬ |
| ০৮ | সিটিজেন চার্টার | ২৭ |
| ০৯ | তথ্য অধিকার ব্যবস্থাপনা | ৩৪ |
| ১০ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) | ৩৫ |
| ১১ | গণগ্রন্থাগার অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পসমূহ | ৩৬ |
| ১২ | ঢাকা বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৪৩ |
| ১৩ | চট্টগ্রাম বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৪৫ |
| ১৪ | রাজশাহী বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৪৭ |
| ১৫ | খুলনা বিভাগের  আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৪৯ |
| ১৬ | বরিশাল বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৫১ |
| ১৭ | সিলেট বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৫২ |
| ১৮ | ময়মনসিংহ বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৫৩ |
| ১৯ | রংপুর বিভাগের আওতাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহের তথ্য | ৫৪ |
| ২০ | ২০২৪-২০২৫ অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের আলোকচিত্র | ৫৬ |



## ১ একনজরে গণগ্রন্থাগার অধিদপ্তর

গণগ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি অধিদপ্তর–যার অধীনে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারসহ ৭১টি সরকারি গণগ্রন্থাগার পরিচালিত হচ্ছে। ১৯৫৪ সালের ০৫ ফেব্রুয়ারি কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির ভিত্তি প্রস্তর স্থাপিত হয় এবং পরবর্তীতে ১৯৫৮ সালের ২২ মার্চ ১০,০৪০টি পুস্তকের সংগ্রহ নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংস্কৃতি বিভাগের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি'র যাত্রা শুরু হয়। ১৯৭৭ সালে লাইব্রেরিটি রাজধানীর প্রাণকেন্দ্র শাহবাগে অবস্থিত বর্তমান স্থানে স্থানান্তরিত হয়। ১৯৮৩ সালে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিসহ তৎকালীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এবং জেলা পর্যায়ের 'বাংলাদেশ পরিষদকে' জেলা সরকারি গণগ্রন্থাগার নামকরণ করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়।

### গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন সরকারি গ্রন্থাগারের সংখ্যাঃ



## রূপকল্প

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

## অভিলক্ষ্য

দেশের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধা সংবলিত পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

## অধিদপ্তরের বর্তমান অস্থায়ী ঠিকানা:

| গণগ্রন্থাগার অধিদপ্তর | সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার |
|---|---|
| বিএসএল ভবন-৩<br>১ মিন্টো রোড<br>রমনা, ঢাকা-১১০০ | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) ভবনের ১৩ তলায় |

## গ্রন্থাগার ব্যবহারের সময়সূচি

**১. সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার**
শনিবার-বৃহস্পতিবার
সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা

**২. জেলা, উপজেলা ও শাখা সরকারি গণগ্রন্থাগারসমূহ**
শনিবার-বুধবার
সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা

**৩. ৭টি বিভাগ ও ৩টি জেলা (নওগাঁ, দিনাজপুর ও নীলফামারী সরকারি গণগ্রন্থাগারসমূহ)**
**বিশেষ সময়সূচি :** শনিবার-বুধবার
সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ৭:০০ টা




## ২০২৪-২৫ অর্থবছরের পাঠকসেবা পরিসংখ্যান প্রতিবেদন

১ পাঠক সংখ্যা (৭১ টি সরকারি গণগ্রন্থাগারের): ১২.৫২ লক্ষ

২ অন্তর্ভুক্তি রেজিস্টার অনুযায়ী পুস্তক সংখ্যা (৭১ টি সরকারি গণগ্রন্থাগারের): ৩২,৬৫,৮৫৪ টি

৩ রাজস্ব বাজেটে ক্রয়কৃত পুস্তক সংখ্যা- পুস্তকের কপি: ৭৪,২৬৩ টি

৪ ৭১ টি সরকারি গণগ্রন্থাগারে ক্রয়কৃত পত্রিকার সংখ্যা: ১,১৩৭ টি

৫ ৭১ টি সরকারি গণগ্রন্থাগারে ক্রয়কৃত সাময়িকীর সংখ্যা: ৮১৭ টি

# ২ ২০২৪-২০২৫ অর্থবছরের কার্যক্রম

## গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থবছরের সর্বমোট বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| কার্যালয়সমূহ | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা |
|---|---|---|---|---|
| প্রধান কার্যালয় | ১৬,৯০,০০ | ১৫,৫৯,২৬ | ১৩,৫৫,৬২ | ৮৬.৯৪% |
| বিভাগসমূহ | ৮,০০,০০ | ৭,০৬,৬৯ | ৫,৮৯,৪৫ | ৮৩.৪১% |
| জেলাসমূহ | ১৫,৭১,৫০ | ১৫,২৩,৬৮ | ১৩,৪৯,৮০ | ৮৮.৫৯% |
| উপজেলাসমূহ | ৪৪,৫০ | ৪৪,৩০ | ৩৭,৫৪ | ৮৪.৭৪% |

# গণগ্রন্থাগার অধিদপ্তরের জনবলের তথ্য

| ক্রম | কর্মকর্তা/ কর্মচারীর পদবী | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ১ | মহাপরিচালক | ৩ | ১ | ১ | ০ |
| ২ | পরিচালক | ৪ | ৬ | ৩ | ৩ |
| ৩ | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) | ৫ | ৩ | ২ | ১ |
| ৪ | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক | ৫ | ৭ | ৫ | ২ |
| ৫ | সিনিয়র লাইব্রেরিয়ান | ৬ | ২০ | ২০ | ০ |
| ৬ | মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | ৬ | ১ | ০ | ১ |
| ৭ | লাইব্রেরিয়ান | ৯ | ৪৭ | ২২ | ২৫ |
| ৮ | লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক | ৯ | ১ | ০ | ১ |
| ৯ | সহকারী পরিচালক | ৯ | ১১ | ৫ | ৬ |
| ১০ | সহকারী প্রোগ্রামার | ৯ | ৪ | ২ | ২ |
| ১১ | সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | ৯ | ১ | ০ | ১ |
| ১২ | পরিসংখ্যান কর্মকর্তা | ৯ | ১ | ০ | ১ |
| ১৩ | সহকারী প্রকৌশলী | ৯ | ১ | ০ | ১ |
| ১৪ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৯ | ১ | ০ | ১ |
| ১৫ | সহকারী লাইব্রেরিয়ান/প্রশাসনিক কর্মকর্তা | ১০ | ১ | ১ | ০ |
| ১৬ | মেইন্টেনেন্স সুপারভাইজার | ১০ | ১ | ০ | ১ |
| ১৭ | উপ-সহকারী পরিচালক | ১০ | ৩ | ০ | ৩ |
| ১৮ | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ১০ | ৩ | ০ | ৩ |
| ১৯ | সহকারী নিরাপত্তা কর্মকর্তা | ১০ | ১ | ০ | ১ |
| ২০ | সহকারী লাইব্রেরিয়ান | ১০ | ২৭ | ২৪ | ৩ |

| ক্রম | কর্মকর্তা/ কর্মচারীর পদবী | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ২১ | গ্রন্থাগারিক | ১০ | ১ | ১ | ০ |
| ২২ | অফিস তত্ত্বাবধায়ক | ১১ | ৫ | ০ | ৫ |
| ২৩ | জুনিয়র লাইব্রেরিয়ান | ১২ | ৪৮ | ২৩ | ২৫ |
| ২৪ | কম্পিউটার অপারেটর | ১৩ | ২৩ | ১২ | ১১ |
| ২৫ | টেকনিক্যাল এ্যাসিসটেন্ট (ক্যাটালগার) | ১৩ | ৬৮ | ৩৫ | ৩৩ |
| ২৬ | টেকনিক্যাল এ্যাসিসটেন্ট | ১৩ | ২ | ১ | ১ |
| ২৭ | টেকনিক্যাল সহকারী | ১৩ | ১ | ০ | ১ |
| ২৮ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ১৩ | ২ | ১ | ১ |
| ২৯ | রিডিং হল এ্যাসিসটেন্ট | ১৪ | ৮ | ১ | ৭ |
| ৩০ | লাইব্রেরি এ্যাসিসটেন্ট (রিডিং হল এ্যাসিসটেন্ট) | ১৪ | ১২ | ২ | ১০ |
| ৩১ | পাঠকক্ষ সহকারী | ১৪ | ৪ | ০ | ৪ |
| ৩২ | রেফারেন্স সহকারী | ১৪ | ১ | ০ | ১ |
| ৩৩ | রেফারেন্স এ্যাসিসটেন্ট | ১৪ | ৬ | ০ | ৬ |
| ৩৪ | পাঠকক্ষ সহকারী কাম-রেফারেন্স সহকারী | ১৪ | ১৪ | ২ | ১২ |
| ৩৫ | ব্যক্তিগত সহকারী | ১৪ | ১ | ০ | ১ |
| ৩৬ | প্রধান সহকারী/উচ্চমান সহকারী | ১৪ | ১ | ০ | ১ |
| ৩৭ | উচ্চমান সহকারী | ১৪ | ২ | ০ | ২ |
| ৩৮ | প্রধান সহকারী | ১৪ | ১ | ০ | ১ |
| ৩৯ | মেকানিক/অপারেটর | ১৪ | ১ | ১ | ০ |
| ৪০ | পরিসংখ্যান সহকারী | ১৫ | ১ | ০ | ১ |
| ৪১ | হিসাবরক্ষক | ১৫ | ৯ | ৩ | ৬ |

| ক্রম | কর্মকর্তা/ কর্মচারীর পদবী | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ৪২ | লাইব্রেরি এ্যাসিসটেন্ট | ১৬ | ৬১ | ৩৬ | ২৫ |
| ৪৩ | লাইব্রেরি সহকারী | ১৬ | ১১ | ৬ | ৫ |
| ৪৪ | ডাটা এন্ট্রি অপারেটর | ১৬ | ৫০ | ২৫ | ২৫ |
| ৪৫ | স্টোরকীপার | ১৬ | ১ | ০ | ১ |
| ৪৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | ১৫ | ৫ | ১০ |
| ৪৭ | একাউন্টস এ্যাসিসটেন্ট | ১৬ | ১ | ০ | ১ |
| ৪৮ | ক্যাশিয়ার | ১৬ | ১ | ০ | ১ |
| ৪৯ | কেয়ারটেকার | ১৬ | ৪ | ৪ | ০ |
| ৫০ | ইলেকট্রিশিয়ান | ১৬ | ২ | ১ | ১ |
| ৫১ | ইলেকট্রিশিয়ান (আউটসোর্সিং) | | ৭ | ৫ | ২ |
| ৫২ | ড্রাইভার | ১৬ | ২ | ২ | ০ |
| ৫৩ | গাড়িচালক | ১৬ | ২ | ১ | ১ |
| ৫৪ | হেলপার/সাব স্টেশন এটেনডেন্ট | ১৮ | ২ | ১ | ১ |
| ৫৫ | ডেচপাস রাইডার | ১৮ | ২ | ১ | ১ |
| ৫৬ | বুকসর্টার (অফিস সহায়ক) | ১৯ | ১১ | ৫ | ৬ |
| ৫৭ | অফিস সহায়ক (বুকসর্টার) | ১৯ | ১৫ | ৭ | ৮ |
| ৫৮ | বুকসর্টার | ১৯ | ৫২ | ১২ | ৪০ |
| ৫৯ | বুকসর্টার (আউটসোর্সিং) | | ২ | ২ | ০ |
| ৬০ | বাইন্ডার (অফিস সহায়ক) | ২০ | ৩ | ৩ | ০ |
| ৬১ | বাইন্ডার | ২০ | ৭ | ৫ | ২ |
| ৬২ | বাইন্ডার (আউটসোর্সিং) | | ১ | ১ | ০ |

| ক্রম | কর্মকর্তা/ কর্মচারীর পদবী | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ৬৩ | অফিস সহায়ক | ২০ | ২২ | ১৭ | ৫ |
| ৬৪ | অফিস সহায়ক (আউটসোসিং) | | ২৮ | ০ | ২৮ |
| ৬৫ | অফিস সহায়ক (ক্লিনার) | ২০ | ২ | ২ | ০ |
| ৬৬ | ক্লিনার | ২০ | ১ | ১ | ০ |
| ৬৭ | অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী | ২০ | ৬ | ১ | ৫ |
| ৬৮ | অফিস সহায়ক কাম-নিরাপত্তা প্রহরী | ২০ | ৩৬ | ২৭ | ৯ |
| ৬৯ | নিরাপত্তা প্রহরী | ২০ | ৭২ | ২৭ | ৪৫ |
| ৭০ | নিরাপত্তা প্রহরী (আউটসোর্সিং) | | ২ | ০ | ২ |
| ৭১ | নিরাপত্তা প্রহরী/দারোয়ান | ২০ | ২ | ১ | ১ |
| ৭২ | মালী | ২০ | ৫ | ৫ | ০ |
| ৭৩ | চেকপোস্ট প্রহরী | ২০ | ৩ | ২ | ১ |
| ৭৪ | চেকপোস্ট এ্যাটেনডেন্ট | ২০ | ২৫ | ৪ | ২১ |
| ৭৫ | চেকপোস্ট এটেনডেন্ট (আউটসোর্সিং) | | ১ | ১ | ০ |
| ৭৬ | গেইটকীপার (অফিস সহায়ক) | ২০ | ১ | ১ | ০ |
| ৭৭ | পরিচ্ছন্নতা কর্মী | ২০ | ৮ | ৭ | ১ |
| ৭৮ | পরিচ্ছন্নতা কর্মী (আউটসোর্সিং) | | ৪ | ০ | ৪ |
| ৭৯ | ফরাস | ২০ | ১ | ০ | ১ |
| | মোট= | | ৮২৩ | ৩৮৫ | ৪৩৮ |

# গণগ্রন্থাগার অধিদপ্তরের বাজেট বরাদ্দ ও খরচসমূহ

## গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থবছরের সর্বমোট বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| কার্যালয় | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা (%) |
|---|---|---|---|---|
| গণগ্রন্থাগার অধিদপ্তর | **৩৯৬,৭৫৩** | ৩৯৬,১৬৩ | ৩২৪,৬৪৯ | ৮১.৯৫% |

## গণগ্রন্থাগার অধিদপ্তরের (প্রধান কার্যালয়)-এর ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| অর্থবছর | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা (%) |
|---|---|---|---|---|
| প্রধান কার্যালয় | **১৬০,৯৫০** | ১৬০,৩৮৬ | ১২৭,২২৫ | ৭৯.৩২% |

## গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন বিভাগসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| অর্থবছর | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা (%) |
|---|---|---|---|---|
| বিভাগসমূহ | **৭৮,৫১৮** | ৭৮,৪৯২ | ৫৫,৭০২ | ৭০.৯৭% |

## গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন জেলাসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| অর্থবছর | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা (%) |
|---|---|---|---|---|
| জেলাসমূহ | **১৫৩,১৭৮** | ১৫৩,১৭৮ | ১৩৮,৭১৬ | ৯০.৫৬% |

## গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন উপজেলাসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ ও খরচসমূহ

| অর্থবছর | বাজেট বরাদ্দ (হাজার টাকায়) | ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ (হাজার টাকায়) | খরচসমূহ (হাজার টাকায়) | শতকরা (%) |
|---|---|---|---|---|
| উপজেলাসমূহ | **৪,১০৭** | ৪,১০৭ | ৩,০০৬ | ৭৩.১৯% |

## ২০২৪-২০২৫ অর্থবছরে
## আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ

| ক্র: | প্রশিক্ষণের বিষয়/শিরোনাম | আয়োজনের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট ঘণ্টা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | উন্নত বাংলাদেশ নির্মাণে করণীয় সংক্রান্ত সেমিনার | ০৯ জুলাই ২০২৪ | ২০ জন | ০৮ ঘণ্টা | সেমিনার |
| ০২. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ২৭-২৯ আগস্ট ২০২৪ | ২৫ জন | ২৪ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৩. | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও বিধিমালা-২০০৮ | ১২ সেপ্টেম্বর ২০২৫ (১ম ব্যাচ) | ২৫ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৪. | মানসম্পন্ন শিক্ষার লক্ষ্যে গ্রন্থাগারেরর ভূমিকা | ২৫ সেপ্টেম্বর ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | কর্মশালা |
| ০৫. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ১৫-১৭ অক্টোবর ২০২৪ | ২৫ জন | ২৪ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৬. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ২৮-৩০ অক্টোবর ২০২৪ | ২৫ জন | ২৪ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৭. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ০৪-০৬ নভেম্বর ২০২৪ | ২৫ জন | ২৪ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৮. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ২৫-২৭ নভেম্বর ২০২৪ | ৩১ জন | ২৪ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ০৯. | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও বিধিমালা-২০০৮ | ০৩ ডিসেম্বর ২০২৫ (২য় ব্যাচ) | ২৫ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১০. | সঞ্জীবনী প্রশিক্ষণ (১২-২০ গ্রেডের কর্মচারী) | ২৮-৩১ ডিসেম্বর ২০২৪ | ২৬ জন | ২৪ ঘণ্টা | স্থান: কক্সবাজার যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণ |
| ১১. | সঞ্জীবনী প্রশিক্ষণ (১২-২০ গ্রেডের কর্মচারী) | ০৪-০৬ জানুয়ারি ২০২৫ | ২৬ জন | ২৪ ঘণ্টা | স্থান: কক্সবাজার যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণ |
| ১২. | ১৬ গ্রেডের কর্মচারীদের, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও দাপ্তরিক দক্ষতা উন্নয়ন | ২৫.০২.২০২৫ থেকে ০১.০৩.২০২৫ | ২৫ জন | ৪০ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১৩. | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৮ (প্রশিক্ষণ) | ১৫ মার্চ ২০২৫ | ২৫ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |

| ক্র: | প্রশিক্ষণের বিষয়/শিরোনাম | আয়োজনের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট ঘণ্টা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৪. | ১৬-১২ গ্রেডের কর্মচারীদের, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও দাপ্তরিক দক্ষতা উন্নয়ন | ১৬-২০ মার্চ ২০২৫ | ২৫ জন | ৪০ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১৫. | তথ্য অধিকার আইন, ২০০৯ | ১৮ মার্চ ২০২৫ | ২৫ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১৬. | মানসম্পন্ন শিক্ষার লক্ষ্যে গ্রন্থাগারের ভূমিকা | ১৮ এপ্রিল ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১৭. | তথ্য অধিকার আইন, ২০০৯ | ১৯ এপ্রিল ২০২৫ | ২৫ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ১৮. | সঞ্জীবনী প্রশিক্ষণ (কর্মকর্তা/কর্মচারী) | ০৯-১১ মে ২০২৫ | ২০ জন | ২৮ ঘণ্টা | স্থান: কক্সবাজার যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণ |
| ১৯. | মানসম্পন্ন শিক্ষার লক্ষ্যে গ্রন্থাগারেরর ভূমিকা | ১৭ মে ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ২০. | মানসম্পন্ন শিক্ষার লক্ষ্যে গ্রন্থাগারেরর ভূমিকা | ২৩ মে ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ২১. | এ পি এ বিষয়ক প্রশিক্ষণ | ২৫ মে ২০২৫ | ২৫ জন | ০৮ ঘণ্টা | |
| ২২. | ১২ গ্রেডের কর্মচারীদের, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও দাপ্তরিক দক্ষতা উন্নয়ন | ২৬-৩০ মে ২০২৫ | ২৫ জন | ৪০ ঘণ্টা | প্রশিক্ষণ |
| ২৩. | ১৭-২০ কর্মচারীদের দক্ষতা উন্নয়ন | ০১-০৩ জুন ২০২৫ | ২৫ জন | ২৪ ঘণ্টা | সেমিনার |

# ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ

| ক্র: নং | প্রশিক্ষণ আয়োজনের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট ঘণ্টা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ২৪ ও ২৫ মার্চ ২০২৪<br>২ দিন | ২০ জন | ১৬ ঘণ্টা | ১৬-১২তম গ্রেড |
| ০২. | ২৭ ও ২৮ মার্চ ২০২৪<br>২ দিন | ২৫ জন | ১৬ ঘণ্টা | ১৬-১২তম গ্রেড |

## কর্মশালা

| ক্র: নং | কর্মশালা আয়োজনের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট ঘণ্টা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ২৩.০৯.২০২৩<br>(রাজশাহী) | ৩০ জন | দিনব্যাপী | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণগ্রন্থাগারের ভূমিকা |
| ০২. | ০১.১১.২০২৩<br>(অনলাইন) | ২০ জন | দিনব্যাপী | সরকারি গণগ্রন্থাগারসমূহে অনলাইনে গ্রন্থাগার ব্যবস্থাপনা |
| ০৩. | ১৭-২১ মে ২০২৫ | ২৫ জন | ৪০ ঘণ্টা | ১৬ গ্রেডের কর্মচারীদের, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও দাপ্তরিক দক্ষতা উন্নয়ন |
| ০৪. | ২২ মে ২০২৫ | ২৫ জন | ০৮ ঘণ্টা | এ পিএ বিষয়ক প্রশিক্ষণ |
| ০৫. | ০২ জুন ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | উদ্ভাবনী কার্যক্রমের প্রদর্শনী |
| ০৬. | ১৮ জুন ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৮ |
| ০৭. | ১৯ জুন ২০২৫ | ২০ জন | ০৮ ঘণ্টা | ডাটাবেজ হালনাগাদকরণ |

## বিদেশ সফর

| ক্র: নং | নাম ও পদবি | যে দেশে ভ্রমণ করেছেন | উদ্দেশ্য | ভ্রমণের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | ফিরোজা পারভীন<br>প্রিন্সিপাল লাইব্রেরিয়ান<br>(উপপরিচালক)<br>সুফিয়া কামাল জাতীয় গ্রন্থাগার | ইন্দোনেশিয়া | প্রশিক্ষণ | ১১/০৮/২০২৪<br>১৮/০৮/২০২৪ |

## ৩ গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যক্রম

- প্রতিবছর ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন করা হয়। দিবসটিতে অধিদপ্তরের অধীন সুফিয়া কামালসহ সারাদেশের বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় গ্রন্থাগারসমূহে বিপুল উৎসাহ, উদ্দীপনার সাথে জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন করা হয়ে থাকে। এ বছরও ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ জাতীয় গ্রন্থাগার দিবসে বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রাঙ্গণে উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়;

- শিক্ষার্থী ও সাধারণ মানুষের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধির জন্য গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে প্রণোদনামূলক রিডিং সোসাইটি গঠন এবং কার্যকর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;

- দেশের বিভিন্ন স্থানে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী পাঠাগার সমূহের তালিকা প্রণয়ন, দুষ্প্রাপ্য বই সংগ্রহ ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়;

- গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সকল সরকারি গণগ্রন্থাগারসমূহে বিভিন্ন জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবস উদ্যাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়;

- বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে প্রতিযোগিতার (রচনা, বইপাঠ, চিত্রাঙ্কন, আল্পনা আঁকা, মাটির তৈরি খেলনা, ঘুড়ি তৈরি) আয়োজন করা। রচনা ও বইপাঠ প্রতিযোগিতায় শিশু থেকে সকল বয়সের প্রতিযোগীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে;

- পাঠাভ্যাস বৃদ্ধিকে উৎসাহিত করতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১৯ জন বরেণ্য কবি/সাহিত্যিকদের প্রতি শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে তাঁদের জীবন ও কর্মের উপর স্মরণসভা/আলোচনা সভার আয়োজন করা;
- গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সকল সরকারি গণগ্রন্থাগারে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন গ্রন্থাগার সেবা কার্যক্রম বাস্তবায়নের কাজ সমাপ্তির পথে। দেশের সকল সরকারি গণগ্রন্থাগারে দ্রুতগতির ইন্টারনেট সংযোগ, পর্যাপ্ত কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ বিভিন্ন ধরণের আইসিটি উপকরণ সরবরাহ করা হচ্ছে।

## ভবিষ্যৎ পরিকল্পনা

- ই-বুক সংগ্রহ এবং অনলাইন লাইব্রেরি স্থাপনের মাধ্যমে ঘরে বসে গ্রন্থাগার ব্যবহারের সুবিধা প্রদান;
- আধুনিক সুবিধাদি সংস্থাপন এবং কর্মচারীদের পেশাদত দক্ষতা উন্নয়নে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে স্মার্ট সেবা নিশ্চিতকরণ;
- বিশ্বের বিভিন্ন দেশের প্রখ্যাত লাইব্রেরির সাথে গণগ্রন্থাগারের সেবা বিনিময় কার্যক্রম;
- প্রতিটি গণগ্রন্থাগারকে সাংস্কৃতিক প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলা;
- উপজেলা পর্যায়ে গ্রন্থাগার সেবা সম্প্রসারণ;
- শিশু-কিশোরদের গ্রন্থাগার ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

## ৪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

### এপিএ ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়ন প্রতিবেদন

### পাঠক উপস্থিতি

| গণগ্রন্থাগারসমূহের নাম | পুরুষ পাঠক | নারী পাঠক | শিশু পাঠক | সর্বমোট |
|---|---|---|---|---|
| সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার | ৯১৭২ | ২০২৯ | ১৯০ | ১১৩৯১ |
| ৭টি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | ১২৮৫৯৯ | ৩৯৪৫১ | ৩৮৩৬২ | ২০৬৪১২ |
| ৫টি জেলা সরকারি গণগ্রন্থাগার | ৫৬৯৯৯৯ | ২২৫৪৬৫ | ১৭২৯৪০ | ৯৬৮৪০৪ |
| ৩টি উপজেলা সরকারি গণগ্রন্থাগার | ১৪০১৪ | ৭৪৩১ | ৭১৫১ | ২৮৫৯৬ |
| ৪টি শাখা | ২৪৯২৮ | ৯৪০১ | ২৯১১ | ৩৭২৪০ |
| সর্বমোট পাঠক উপস্থিতি | ৭৪৬৭১২ | ২৮৩৭৭৭ | ২২১৫৫৪ | ১২৫২০৪৩ |

### প্রতিযোগী

| চিত্রাঙ্কন অংশগ্রহণকারী | চিত্রাঙ্কন বিজয়ী | রচনা অংশগ্রহণকারী | বিজয়ী |
|---|---|---|---|
| ১৫৬৮৯ জন | ৩০৪৬ জন | ১৬৩৩৯ জন | ৩৪৯৮ জন |

## ৫ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

### ১. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:

১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ০৪ (চারটি) সভার আয়োজন করা হয়েছে। বড় পরিসরে ০২ (দুটি) গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষে, ০১ (একটি) বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এবং ০১ (একটি) বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেটে অনুষ্ঠিত হয়েছে।

### ২. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:

১ম, ২য়,৩য় ও ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুয়ায়ী মোট ১০০ (একশত) জনকে ‘পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৮’ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৩. কর্ম-পরিবেশ উন্নয়ন:

২য় ও ৩য় কোয়ার্টারে উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান) করা হয়েছে।

### ৪. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:

৩১-০৭-২০২৪ (১ম কোয়ার্টারে) তারিখের মধ্যে রাজস্ব এবং উন্নয়ন বাজেটে অনুমোদিত ক্রয়-পরিকল্পনাসমূহ ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

### ৫. প্রকল্পের PIC সভা আয়োজন/প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা:

১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে মোট ০৫টি PIC সভা অনুষ্ঠিত হয়েছে এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা হয়েছে।

### ৬. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:

সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার, ০৪টি সরকারি গণগ্রন্থাগারের সফটওয়্যারে পুস্তক ডাটাবেজ যাচাইকরণ, ১ম কোয়ার্টারে ০২টি ২য় কোয়ার্টারে ০৪টি গ্রন্থাগারের অভিযোগ বক্স যাচাই করা হয়েছে এবং ১ম কোয়ার্টারে ০২টি এবং ২য় কোয়ার্টারে ০৪টি গ্রন্থাগারের স্টক রেজিস্টার যাচাই করা হয়েছে।

# ৬ উদ্ভাবনী কার্যক্রম ২০২৪-২৫

| ক্রমিক | উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | বাস্তবায়নকারী অফিসের নাম (মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/অন্যান্য অফিস) | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|
| ১. | **ডি-নথির সকাল** | গণগ্রন্থাগার অধিদপ্তর | গণগ্রন্থাগার অধিদপ্তরে প্রতি মাসের দ্বিতীয় ও শেষ বুধবার সকালে ডি-নথির ব্যবহার, আপডেট, সমস্যা-সমাধান, ডি-নথি সংক্রান্ত ফেসবুক গ্রুপ নিয়ে আলোচনা, করণীয় ও প্রশিক্ষণ কার্যক্রমই হলো 'ডি-নথির সকাল'। এর ফলে এক বৈঠকেই ডি-নথি ব্যবহারকারীগণ তাঁদের ডি-নথি ব্যবহারে উদ্ভূত সমস্যার সমাধানসহ দক্ষতা বৃদ্ধি করতে সমর্থ হন। নতুন ব্যবহারকারীদেরও এক বৈঠকে আইডি প্রদান করা সম্ভব হচ্ছে। |
| ২. | **অনলাইনে পুস্তক ক্রয়ের তালিকা আহ্বান** | গণগ্রন্থাগার অধিদপ্তর | অনলাইন সফটওয়্যার চালুর পর থেকে লেখক ও প্রকাশকগণকে তালিকা জমা দেয়া ও প্রাপ্তি স্বীকার গ্রহণের জন্য সশরীরে গণগ্রন্থাগার অধিদপ্তরে আসতে হয় না। ফলে সেবাগ্রহীতা ও সেবাদানকারী উভয়ের কাজ সহজ হয়েছে। সেবাগ্রহীতার যাতায়াত খরচ কমেছে। অনলাইনে তালিকা জমা দেয়ার সাথে সাথেই স্বয়ংক্রিয়ভাবে সমন্বিত তালিকা তৈরি হয়ে যাচ্ছে। ফলে বই সংগ্রহ ও বিতরণের কাজ পূর্বে প্রায় ১২ মাস প্রয়োজন হতো, বর্তমানে তা ০৬ মাসের মধ্যে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। |

## ৭ ডি-নথির কার্যক্রম

| | |
|---|---|
| হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথি সংখ্যা | ৬০ |
| ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথি সংখ্যা | ৫৫৬ |
| শতকরা হার | ৯১% |

## সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে গণগ্রন্থাগার অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ০৪ (চার) বার হালনাগাদ করা হয়েছে। একইভাবে অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগ ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ০৪টি সভা আয়োজন করা হয়েছে। অনুরূপভাবে অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগ ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করে থাকে।

২০২৪-২০২৫ অর্থবছরে গণগ্রন্থাগার অধিদপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গণগ্রন্থাগার অধিদপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার ৭০ (সত্তর) জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# ৮ সিটিজেন চার্টার

## ১ ভিশন (Vision) ও মিশন (Mission)

**ভিশন**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

**মিশন**

দেশের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য প্রযুক্তিভিত্তিক সুবিধাদি সংবলিত সময় সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

## ২. প্রতিশ্রুত সেবাসমূহ

### ২.১) নাগরিক সেবা

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১. | পুস্তক ক্রয়ের লক্ষ্যে অনলাইনের মাধ্যমে তালিকা আহ্বান | ওয়েব পোর্টালের নির্দিষ্ট লিংকে প্রবেশ করে তথ্য পূরণ করে। | প্রাপ্তিস্থান: www.publiclibrary.gov.bd ও সংগ্রহ ও বিতরণ শাখা | বিনামূল্যে | বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে সর্বোচ্চ (৩০) ত্রিশ কার্যদিবস | মো: হারুনর রশীদ সহকারী পরিচালক ০১৭১৪২২২০১২ harunorrashid.cpl@gmail.com |
| ২. | গণগ্রন্থাগার অধিদপ্তর সম্পর্কে তথ্য প্রদান | ক. দাপ্তরিক ওয়েবসাইট ব্রাউজিং এর মাধ্যমে। খ. টেলিফোনে যোগাযোগ; গ. ই-মেইল/ ডাকযোগে পত্র প্রেরণের মাধ্যমে; ঘ. সরাসরি যোগাযোগের মাধ্যমে। | প্রয়োজনীয় কাগজপত্র: তথ্য অধিকার আইন, ২০০৯ এ উল্লেখিত নির্ধারিত ফরম। প্রাপ্তিস্থান: www.publiclibrary.gov.bd ও গণগ্রন্থাগার অধিদপ্তর | বিনামূল্যে/ তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে প্রতি পৃষ্ঠা ০২ (দুই) টাকা অথবা প্রকৃত খরচ। | আবেদন প্রাপ্তির ২০ কার্যদিবসের মধ্যে এবং ৩য় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে। | মুঃ সালাহ উদ্দিন হাওলাদার সহকারী প্রোগ্রামার (আইসিটি) ০১৮১৩৭৬৩৬০০ salauddin.cpl@gmail.com |

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৩. | সাপ্তাহিক বিশেষ লার্নিং সেশন | গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারে সমসাময়িক গুরুত্বপূর্ণ ও শিক্ষামূলক বিষয়ের উপর বিষয়ভিত্তিক অভিজ্ঞ শিক্ষাবিদ, পেশাজীবী ও বরেণ্য ব্যক্তি কর্তৃক লেকচার/বক্তব্য প্রদান করা হয় এবং উপস্থিত পাঠক ও অংশগ্রহণকারীদের প্রশ্নোত্তর ও মতবিনিময়ের মাধ্যমে সেবা প্রদান করা হয়। | গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েব পোর্টালের www.publiclibrary.gov.bd বিশেষ লার্নিং সেশন মেনুতে রেজিস্ট্রেশন/ নিবন্ধনের মাধ্যমে | বিনামূল্যে | প্রতি রবিবার সকাল ১১:০০ ঘটিকা অথবা বিকেল ০৩:০০ ঘটিকায় | মোঃ আল-মামুন হাওলাদার, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, আইইবি ভবন, রমনা, ঢাকা। মোবাইল: ০১৭৪৫৩০৭৩২৫, ই-মেইল: mamun35du@gmail.com |

## ২.২) দাপ্তরিক সেবা/ প্রাতিষ্ঠানিক সেবা

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাজেট বরাদ্দ/ বিভাজন | বরাদ্দ/ বিভাজন আদেশ জারির মাধ্যমে। | ক. অফিস আদেশ; খ. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের বাজেট বিভাজন পত্রের কপি। | বিনামূল্যে | বরাদ্দ প্রাপ্তির পর ১৫ (পনেরো) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২ kamp.addpl@gmail.com |
| ২. | অধীনস্থ সকল সরকারি গণগ্রন্থাগারে বই সরবরাহ | প্রশাসনিক সিদ্ধান্তের আলোকে বইয়ের সংখ্যা নির্ধারণের মাধ্যমে | ক. প্রয়োজনীয় কাগজপত্র: ১। অফিস আদেশ/ অফিস স্মারক ২। বইয়ের অনুমোদিত তালিকা খ. প্রাপ্তিস্থান: সংগ্রহ ও বিতরণ শাখা | বিনামূল্যে | অনুমোদন প্রাপ্তির পর ১৫ কার্যদিবস | মো: হারুনর রশীদ সহকারী পরিচালক ০১৭১৪২২২০১২ Harunorrashid.cpl@gmail.com |
| ৩. | জনবল সরবরাহ | প্রশাসনিক সিদ্ধান্তের আলোকে অফিস আদেশ | ক. সাংগঠনিক কাঠামো; খ. বিদ্যমান জনবলের বিবরণ; | বিনামূল্যে | ৩ (তিন) মাস | খন্দকার আসিফ মাহতাব সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২ kamp.addpl@gmail.com |
| ৪. | সভা/ সেমিনার/ ওয়ার্কশপ/ প্রশিক্ষণে কর্মকর্তা-কর্মচারী মনোনয়ন | পত্রের মাধ্যমে/ সরাসরি | ক. প্রত্যাশী প্রতিষ্ঠানের আমন্ত্রণ বা অনুরোধপত্র। খ. প্রশিক্ষণের আবেদন। | বিনামূল্যে | ৫ (পাঁচ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ০২-২২২২২৯৪৮৮, ০১৭১৬০৩৪৯৮২ kamp.addpl@gmail.com |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১. | অর্জিত ছুটি | অধিদপ্তর কর্তৃক মঞ্জুরির আদেশ জারির মাধ্যমে | ক. ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/ কর্মচারীগণের আবেদন;<br>খ. নির্ধারিত আবেদন ফরম ও ছুটির সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। | বিনামূল্যে | আবেদন প্রাপ্তির পর ১০ (দশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ২. | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন সাপেক্ষে | ক. ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/ কর্মচারীগণের আবেদন;<br>খ. নির্ধারিত আবেদন ফরম ও ছুটির সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ৩. | শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর | মঞ্জুরি আদেশ জারি | ক. ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা/ কর্মচারীগণের আবেদন;<br>খ. নির্ধারিত আবেদন ফরম ও ছুটির সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ৪. | সিলেকশন গ্রেড/ টাইম স্কেল মঞ্জুরি | অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আদেশ মোতাবেক ডিপিসি'র সুপারিশ অনুযায়ী আদেশ জারি | ক. ১১তম হতে ২০তম গ্রেডের কর্মচারীগণের আবেদন;<br>খ. হালনাগাদ বার্ষিক গোপনীয় অনুমোদন;<br>গ. ডিপিসি-এর সুপারিশ;<br>ঘ. নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন। | বিনামূল্যে | আবেদন প্রাপ্তির পর ১৫ (পনেরো) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৫. | চাকরি স্থায়ীকরণ | সরকারি আদেশ জারি | ক. ১১তম হতে ২০তম গ্রেডের কর্মচারীগণের আবেদন;<br>খ. হালনাগাদ বার্ষিক গোপনীয় অনুমোদন;<br>গ. নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন। | বিনামূল্যে | আবেদন প্রাপ্তির পর ১৫ (পনেরো) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ৬. | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি প্রদান | সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী আদেশ জারি | ক. নির্ধারিত ফরমে আবেদন;<br>খ. সাধারণ ভবিষ্য তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণীর মূলকপি (ফেরতযোগ্য);<br>গ. কর্তৃপক্ষের অনুমোদন। | বিনামূল্যে | ১০ (দশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ৭. | অধিদপ্তরের কর্মচারীদের পদোন্নতি | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি | ক. গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ;<br>খ. হালনাগাদ বার্ষিক গোপনীয় অনুবেদন;<br>গ. নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন। | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ৮. | অধিদপ্তরের কর্মচারীদের পেনশন | যথাযথ কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি | ক. পিআরএল গমনের আদেশ;<br>খ. প্রত্যাশিত শেষ বেতনের কপি;<br>গ. পেনশন ফরম ২.১ ও ছবি;<br>ঘ. উত্তরাধিকার ঘোষণাপত্র ও নমুনা স্বাক্ষর;<br>ঙ. দপ্তরের না-দাবি পত্র। | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮, ০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৯. | পাসপোর্টের জন্য অনাপত্তিপত্র প্রদান | নির্ধারিত NOC ফরমসহ আবেদন। সেবাপ্রত্যাশীকে পত্র মারফত/ ই-মেইল-এ জানিয়ে দেওয়া হয়। | ক. পূরণকৃত NOC ফরম;<br>খ. যথাযথ মাধ্যমে আবেদন।<br>ফরম প্রশাসন ও হিসাব শাখা কিংবা www.dip.gov.bd -এ পাওয়া যাবে। | বিনামূল্যে | ৫ (পাঁচ) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮,<br>০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ১০. | কর্মকর্তা-কর্মচারীদের ভ্রমণভাতা সহ অন্যান্য ভাতা মঞ্জুর | নির্ধারিত ফরমে প্রাপ্যতা অনুযায়ী আবেদনের ভিত্তিতে | ক. অনুমোদিত ভ্রমণসূচি ও বৃত্তান্ত;<br>খ. বাজেট বরাদ্দ;<br>গ. নির্ধারিত ফরমে বিল দাখিল। | বিনামূল্যে | ৭ (সাত) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮,<br>০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
| ১১. | নারী কর্মকর্তা ও কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর | যথাযথ কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি | ক. আবেদন পত্র;<br>খ. মেডিক্যাল সনদ। | বিনামূল্যে | ৭ (সাত) কার্যদিবস | খন্দকার আসিফ মাহতাব<br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)<br>০২-২২২২২৯৪৮,<br>০১৭১৬০৩৪৯৮২<br>kamp.addpl@gmail.com |
